

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
ইউপি-২ শাখা  
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র  
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.০১৭.০১১.০০.০০.০০১.২০১১(অংশ-১)- ৫৬৬


তারিখ : ০৪ আষাঢ়, ১৪২৪  
১৮ জুন, ২০১৭

বিষয় : মুন্সীগঞ্জ জেলায় ইউনিয়ন পরিষদ সচিবের শূন্য পদ পূরণের জন্য ছাড়পত্র প্রদান প্রসঙ্গে।

সূত্র : জেলা প্রশাসক, মুন্সীগঞ্জ এর পত্র নং-১৭৭, তারিখ : ০১/০৬/২০১৭খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের প্রেক্ষিতে মুন্সীগঞ্জ জেলায় ইউনিয়ন পরিষদ সচিবের ০২(দুই) টি শূন্য পদে লোক নিয়োগের লক্ষ্যে নিম্নোক্ত শর্তে নির্দেশক্রমে ছাড়পত্র প্রদান করা হলো :

- ছাড়পত্র জারীর তারিখ হতে আগামী ০৬(ছয়) মাসের মধ্যে নিয়োগ কার্যক্রম সম্পন্ন করতে হবে;
- উল্লিখিত নিয়োগের ক্ষেত্রে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) কর্মচারী চাকুরী বিধিমালা, ২০১১ এবং এতদসংক্রান্ত সকল বিধি-বিধান যথাযথভাবে অনুসরণপূর্বক নিয়োগ কার্যক্রম সম্পন্ন করতে হবে;
- নিয়োগ কার্যক্রম সম্পন্নের পর স্থানীয় সরকার বিভাগকে অবহিত করতে হবে।

  
(ড. সৈয়দা নওশীন পার্বিনী)  
সিনিয়র সহকারী সচিব  
ফোন : ৯৫১৪১৯০

জেলা প্রশাসক  
মুন্সীগঞ্জ।

অনুলিপি(সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে) :

- সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ(পত্রটি ওয়েবসাইটে প্রকাশের জন্য)।